



দেশে হামের উপসর্গে ৬ শিশুর মৃত্যু



সংগৃহীত ছবি

দেশে হামের উপসর্গে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ছয় শিশুর মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন করে ১ হাজার ৩৩৪ জন শিশু জ্বর ও র্যাশসহ হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। এর মধ্যে নিশ্চিতভাবে হামে আক্রান্ত ৪২ জন বলে জানা গেছে।

মঙ্গলবার (২ জুন) স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়।

প্রতিবেদনে বলা হয়, গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত দেশে হামের উপসর্গ ও নিশ্চিত সংক্রমণে মোট ৫৯৪ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে ৫০৪ জনের মৃত্যু হয়েছে হামের উপসর্গে এবং ৯০ জনের মৃত্যু হয়েছে নিশ্চিত হামের কারণে।

একই সময়ে দেশে হামের উপসর্গ দেখা দিয়েছে ৭৩ হাজার ৩৬২ শিশুর মধ্যে। এর মধ্যে ৫৯ হাজার ১০৬ জন হাসপাতালে ভর্তি হয়েছিল। চিকিৎসা শেষে সুস্থ হয়ে বাড়ি ফিরেছে ৫৪ হাজার ৮১২ শিশু।

স্বাস্থ্য অধিদপ্তর আরও জানায়, ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশে নিশ্চিত হামে আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৯ হাজার ১৩৬ জনে।